MAY 18 2002

দৈনিক সংবাদ

তারিখ ...............
পৃঃ ...৭... কলাম ...৩...

# গোপালগঞ্জে বিশ্ববিদ্যালয় চালুর দাবিতে সমাবেশ

**গোপালগঞ্জ থেকে নিজস্ব সংবাদদাতা ঃ** গোপালগঞ্জ বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম বন্ধের প্রতিবাদে এবং অবিলম্বে বিশ্ববিদ্যালয় চালুর দাবিতে শুক্রবার বিকেলে শহরের বঙ্গবন্ধু সড়ক দ্বীপে এক প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয় বাস্তবায়ন কমিটির উদ্যোগে আয়োজিত এ সমাবেশে সভাপতিত্ব করেন শেখ কামরুল ইসলাম রইস।

অন্যদের মধ্যে বক্তব্য রাখেন ওয়ার্কার্স পার্টির জেলা সম্পাদক শেখ মো. ইলিয়াস, আ'লীগ নেতা লতাফত হোসেন চৌধুরী, জাসদের হাফিজুর রহমান আউলিয়া, শহীদ চৌধুরী, নাজমুল ইসলাম লিপটন প্রমুখ।

**ডুবে মৃত্যু ঃ** শহরের আরামবাগ এলাকায় আখি মনি (৪) নামে এক শিশু ডুবে মারা গেছে। তার বাবার নাম হেলাল মোল্লা। বৃহস্পতিবার খেলতে খেলতে সে বাসার পাশের ডোবার পানিতে পড়ে গেলে ডুবে মারা যায়।

**গ্রেফতার ২৬ ঃ** গোপালগঞ্জ থানা পুলিশ বিশেষ অভিযান চালিয়ে বৃহস্পতিবার রাতে জেলা সদরের বিভিন্ন এলাকা থেকে মাদক সেবন ও অন্যান্য অপরাধের সঙ্গে জড়িত সন্দেহে ২৬ জনকে গ্রেফতার করে জেলহাজতে পাঠিয়েছে। পুলিশ এ সময়